

ভোরের কাগজ

তারিখ
পৃষ্ঠা

মাদ্রাসা বোর্ডে এক টেবিলে ৩ লাখ, অন্য টেবিলে ৪ লাখ টাকা কামাই হয়

শিক্ষা প্রতিমন্ত্রী

নীলফামারী প্রতিনিধি : শিক্ষা মন্ত্রণালয় সবচেয়ে দুর্নীতিগ্রস্ত মন্ত্রণালয়। মাদ্রাসা শিক্ষা বোর্ডও দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। সেখানে এক টেবিল থেকে আরেক টেবিলে বদলির জন্য ঘুষ দিতে হয় ৩ লাখ টাকা। এবং অন্য টেবিলে ৪ লাখ টাকা কামাই হয়। এসব দুর্নীতি বন্ধ করতে হবে। এই সরকার দুর্নীতিমুক্ত সমাজ গড়তে বন্ধপরিকর।

গতকাল রোববার জেলা কালেক্টরেট ভবনে জেলা প্রশাসক আব্দুল বারী খানের সভাপতিত্বে জেলা আইনশৃঙ্খলা ও জেলা সমন্বয় কমিটির

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ২

মাদ্রাসা বোর্ডে এক টেবিলে

● শেষের পাতার পর

সভায় শিক্ষা প্রতিমন্ত্রী ও জেলার দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন নীলফামারী-২ আসনের আওয়ামী লীগদলীয় সাংসদ আসাদুজ্জামান নূর, নীলফামারী-১ আসনের আ.লীগদলীয় সাংসদ ড. হামিদা বানু শোভা ও নীলফামারী-৪ আসনের বিএনপিদলীয় সাংসদ সদস্য আমজাদ হোসেন, বিএনপি আহ্বায়ক এ্যাড. আনিসুল আরেফিন চৌধুরীসহ সরকারি কর্মকর্তাগণ।

আসাদুজ্জামান নূর সভায় তার বক্তব্যে বলেন, নীলফামারী জেলা একটি অবহেলিত জেলা। এর উন্নয়নের জন্য এলাকায় উত্তরা ইপিজেড-এ গ্যাস সংযোগসহ আধুনিকীকরণ, চিলাহাটীতে স্থলবন্দর নির্মাণ, দুটি নদী খনন, নীলফামারী আধুনিক ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালকে ১০০ শয্যায় উন্নীতকরণ, ১২/১৪টি বিজ্ঞ নির্মাণ, বাস-উম্মিনাল নির্মাণ ও জেলা সদরে বাইপাস সড়ক নির্মাণ করার দাবি জানান।

সাংসদ আমজাদ হোসেন জেলায় চুরি-ডাকাতি, খুন-রাহাজানি ও মাদকস্বব্য ব্যবসা বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে তা বন্ধের দাবি জানান। মন্ত্রী এসব নিয়ন্ত্রণের জন্য তাৎক্ষণিকভাবে পুলিশ সুপারকে নির্দেশ দেন।